সংবাদ।

06 ৩৩

তারিখ ২।৩।৮২

পৃষ্ঠা... কলাম...

# প্রাথমিক শিক্ষা অর্ডিন্যান্স সংশোধনের চিন্তা ভাবনা চলছে

কুষ্টিয়া, ১লা মার্চ (বাসস)।—প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বলেছেন, সরকার প্রাথমিক শিক্ষা অর্ডিন্যান্স ১৯৮১' আরো সংশোধনের কথা চিন্তা-ভাবনা করছেন।

ঢাকা পৌর কর্পোরেশনের আওতাধীন প্রাথমিক শিক্ষকদের সরকারী চাকরি হিসেবে গণ্য করার জন্য সরকার অর্ডিন্যান্সের সুবিধাজনক সংশোধনের বিষয় চিন্তা-ভাবনা করছে।

প্রধানমন্ত্রী বলেন, সরকারী কর্মচারীদের বেতন অনুযায়ী বেতন, ভাতা, পেনশনভাতা গ্রাচুইটি ও অন্যান্য সুবিধাদি প্রাথমিক শিক্ষকদের বেতনের ক্ষেত্রেও সরকার প্রযোজ্য করবেন।

প্রধানমন্ত্রী প্রাথমিক স্কুল শিক্ষক, অভিভাবক, গ্রাম-প্রধান, ইউনিয়ন পরিষদ, কলেজ ও স্কুল শিক্ষক প্রতিনিধি, জেলা ও থানার উন্নয়ন কমিটির চেয়ারম্যান এবং বিএনপি থানা শাখার সভাপতি ও সম্পাদকদের উদ্দেশ্যে বক্তৃতাকালে একথা বলেন।

প্রাথমিক স্কুলসমূহ রাষ্ট্রায়ত্ত করার পূর্বে প্রাথমিক শিক্ষকদের যে শতকরা ৫০ ভাগ পেনশনভাতা ছিল তা পুনরায় প্রদানের বিষয় সরকার বিবেচনা করছেন বলেও তিনি উল্লেখ করেন। স্থানীয় শিল্পকলা একাডেমী মিলনায়তনে আয়োজিত এই সমাবেশে

(শেষ পৃঃ ২-এর ৪ক দ্রঃ)

## শাহ আজিজ

(১ম পাতার পর)

সভাপতিত্ব করেন জেলা উন্নয়ন সমন্বয়কারী সৈয়দ মাসুদ রুমী।

প্রধানমন্ত্রী শিক্ষকদের দীর্ঘ ধর্মঘটে দুঃখ প্রকাশ করে বলেন, বিশেষ করে শিক্ষা বছরের শুরুতে এই ধর্মঘটের ফলে প্রাথমিক বিদ্যালয়ের ৮০ লাখ ছাত্র-ছাত্রী মারাত্মক ক্ষতির সম্মুখীন হচ্ছে।

প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে সরকারের অধিকতর গুরুত্ব আরোপের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনায় শিক্ষা খাতের মোট বরাদ্দের শতকরা ৪০ ভাগ প্রাথমিক শিক্ষার জন্য ব্যয় হবে।

তিনি বলেন, প্রাথমিক শিক্ষা প্রদান সরকারের সাংবিধানিক দায়িত্ব এবং তা পূরণে সরকার দৃঢ় প্রতিজ্ঞ।

প্রধানমন্ত্রী বলেন, ঢাকা পৌর কর্পোরেশন ও রাজশাহী, খুলনা এবং চট্টগ্রাম পৌরসভাসহ প্রতিটি মহকুমার স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষ সম-পর্যায়ের গঠন করা হবে।

প্রাথমিক বিদ্যালয়ে নিয়োজিত সকল শিক্ষক অর্ডিন্যান্স জারির পূর্বে সরকারী চাকরি হিসেবে যে সুযোগ সুবিধাদি পেয়ে এসেছেন তা অব্যাহত থাকবে।

প্রধানমন্ত্রী আশা প্রকাশ করে বলেন, শিক্ষকরা সমাজে তাদের যথাযথ গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের মাধ্যমে জনগণের শ্রদ্ধা ও ভালবাসা অর্জন করতে সক্ষম হবেন।